65

# দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 13 DEC 1995 ... ..
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ......

# অন্তহীন সমস্যার নাম সোনারগাঁও ডিগ্রী কলেজ

সোনারগাঁও (নারায়ণগঞ্জ), ১২ ডিসেম্বর (সংবাদদাতা) ।- ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত সোনারগাঁও ডিগ্রী কলেজে উন্নয়নের ছোঁয়া এখনও লাগেনি। বিভিন্ন সমস্যার ভারে জর্জরিত হয়ে আজ কোন রকমে শিক্ষাকার্যক্রম চলছে।

বর্তমানে কলেজটিতে শ্রেণীকক্ষ ও বেঞ্চের অভাবে লেখাপড়া ব্যাহত হচ্ছে। ৩ বছরে, ছাত্রছাত্রীর, সংখ্যা প্রায় দ্বিগুণ বৃদ্ধি পেয়েছে। এছাড়াও রয়েছে শিক্ষক-ছাত্রদের আবাসিক সমস্যা, বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতি, লাইব্রেরিতে পর্যাপ্ত বইপত্র ও খেলাধুলার সামগ্রীর স্বল্পতা। কলেজে কোন ক্যান্টিন না থাকায় ছাত্রছাত্রীদের বাইরের নোংরা ও অপরিচ্ছন্ন খাবার খেতে হয়। অধ্যক্ষের কোন বাসভবন না থাকায় তাকে বাইরে বাসা ভাড়া করে থাকতে হয়। পুরনো কলেজ ভবন এবং নতুন বিজ্ঞান ভবনের অসম্পূর্ণ কাজ সম্পূর্ণ করা প্রয়োজন।

দীর্ঘদিনেও কলেজটিতে বিএসসি কোর্স চালু না হওয়ায় এলাকার শ' শ' ছাত্রছাত্রী বিজ্ঞানের উচ্চশিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। উল্লেখ্য, এলাকাবাসী দীর্ঘদিন যাবত কলেজটিতে বিএসসি কোর্স ও অনার্স কোর্স চালুর দাবি জানিয়ে আসছে।

কলেজে যাতায়াতের জন্য কোন যানবাহনের ব্যবস্থা নেই। ছাত্রছাত্রীদের উচ্চ ভাড়া দিয়ে বাসে কলেজে আসতে হয়। কলেজে কোন আবাসিক হল নেই। ছাত্রছাত্রীদের কলেজের আশেপাশে বাড়ি ভাড়া করে থাকতে হয়। আর এক্ষেত্রে বেশি সমস্যার সম্মুখীন হতে হয় ছাত্রীদের। কলেজের চারদিকে কোন দেয়াল না থাকায় ছাত্রছাত্রীদের বিশেষ করে ছাত্রীদের অনেক সময় বিব্রতকর অবস্থার সম্মুখীন হতে হয়। অবিশ্বাস্য হলেও সত্য যে, থানার একমাত্র ডিগ্রী কলেজ হওয়া সত্ত্বেও এই কলেজে খেলাধুলার জন্য প্রশস্ত কোন মাঠ নেই। কলেজের অবস্থান পার্শ্ববর্তী রাস্তা থেকে নিচু। সামান্য বৃষ্টি হলেই কলেজটির আশপাশ পানিতে ডুবে যায়।

উল্লেখ্য, সম্প্রতি অনুষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতাধীন বিএ (পাস) পরীক্ষায় এ কলেজ থেকে সর্বমোট ১শ' ১৮ জন অংশগ্রহণ করে পাস করে ১শ' ৪৩ জন। দ্বিতীয় শ্রেণী পান ৭৭ জন।

এদিকে বেসরকারী কলেজে উচ্চ বেতন দিয়ে অনেক দরিদ্র ছাত্রছাত্রীদের পক্ষে লেখাপড়া করা সম্ভব হচ্ছে না। ফলে শিক্ষার হার হ্রাস পাচ্ছে। এই কলেজের পাশাপাশি কয়েকটি কলেজ প্রতিষ্ঠা লাভের পরপরই সরকারী হলেও রহস্যজনক কারণে এই কলেজটি যথাযথ কর্তৃপক্ষের সুদৃষ্টি পাচ্ছে না। সোনারগাঁওয়ের মোট জনসংখ্যার ৭০ ভাগই কৃষিনির্ভর বা কৃষক। তাই তাঁদের পক্ষে উচ্চ বেতন দিয়ে বেসরকারী কলেজে ছেলেমেয়েদের লেখাপড়ার খরচ বহন করা প্রায় অসম্ভব। তাই স্থানীয় এলাকাবাসী সোনারগাঁও ডিগ্রী কলেজের বিদ্যমান বিভিন্ন সমস্যার সমাধান এবং উন্নয়নের স্বার্থে কলেজটিতে বিএসসি অনার্স কোর্স চালু ও সরকারীকরণের জন্য প্রধানমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে জোর দাবি জানিয়েছে।